



জানুয়ারির অধিবেশনেই সংবিধান সংশোধন বিল: স্বরাষ্ট্রমন্ত্রী



ছবি: সংগৃহীত

আগামী জানুয়ারিতে জাতীয় সংসদের অধিবেশনে সংবিধান সংশোধনের বিল তোলা হবে বলে জানিয়েছেন এ বিষয়ে গঠিত বিশেষ কমিটির সভাপতি ও স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। প্রস্তাবে পরিবর্তন আসায় সংশোধনী সংসদে পাস হওয়ার পর রাষ্ট্রপতির অনুমোদনের আগে গণভোট আয়োজন করা হবে বলেও জানান তিনি। রোববার (২৭ সেপ্টেম্বর) জাতীয় সংসদের ক্যাবিনেট কক্ষে বিভিন্ন গণমাধ্যমের সম্পাদক ও সাংবাদিক সংগঠনের নেতাদের কাছ থেকে সংবিধান সংশোধন নিয়ে মতামত নেয় বিশেষ কমিটি। সেখানে এসব তথ্য জানান স্বরাষ্ট্রমন্ত্রী।

সালাহউদ্দিন আহমদ বলেন, জুলাই সনদ বাস্তবায়নের বিষয়ে বিরোধী দলকে আলোচনায় আসার আহ্বান জানানো হয়েছে। মতপার্থক্যকে বড় না করে জাতীয় ঐকমত্যের ভিত্তিতে সংবিধান সংশোধনের কাজ এগিয়ে নেওয়ার কথা বলেন তিনি।

সংবিধানে মৌলিক কোনো পরিবর্তন আনা হলে সে ক্ষেত্রে গণভোট আয়োজনের সাংবিধানিক বাধ্যবাধকতা রয়েছে বলেও জানান স্বরাষ্ট্রমন্ত্রী।

প্রসঙ্গত, গত ১৩ জুলাই জাতীয় সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদকে সভাপতি করে ১২ সদস্যের ‘সংবিধান সংশোধন-সম্পর্কিত বিশেষ কমিটি’ গঠন করা হয়। কমিটিতে বিরোধী দল থেকে পাঁচজন প্রতিনিধি চাওয়া হলেও তারা কোনো নাম দেয়নি। পরে বিরোধী দল ওই কমিটিও প্রত্যাখ্যান করে।